



# কিশোরগঞ্জ পৌরসভা কার্যালয়

## কিশোরগঞ্জ।



### প্রিয় কিশোরগঞ্জ পৌরবাসী

শুভেচ্ছা নিবেন। ঐতিহ্যবাহী কিশোরগঞ্জ পৌরসভা ১৮৬৯ সনে স্থাপিত হয়। প্রায় ১৪৮ বছরের পথ পরিক্রমায় চড়াই উৎরাই পার হয়ে কিশোরগঞ্জ পৌরসভা বর্তমান অবস্থায় এসে দাড়িয়েছে। সেবা প্রদানের আন্তরিকতা থাকা সত্ত্বেও রাজস্ব ফান্ডের স্বল্পতা ও প্রয়োজনীয় যন্ত্রপাতির অভাবে আমরা আপনাদেরকে প্রত্যাশানুযায়ী কাজিত সেবা দিতে পারছি না। বাংলাদেশের পৌরসভাগুলোর অবস্থার পরিবর্তনে বাংলাদেশ সরকার এশীয় উন্নয়ন ব্যাংকের সহায়তায় অত্র পৌরসভায় তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্পের আওতায় প্রথম ধাপে প্রায় ১৯ কোটি টাকা ব্যয়ে পৌর এলাকায় বিভিন্ন রাস্তা ও ড্রেনের উন্নয়নমূলক কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে। দ্বিতীয় ধাপে বিভিন্ন রাস্তা ও ড্রেনের প্রায় ৩০ কোটি টাকা কাজের ঠিকাদার নির্বাচনের কাজ শেষ হয়েছে এবং বহুতল পৌর সুপার মার্কেট নির্মাণের প্রায় ৩০ কোটি টাকার বরাদ্দ প্রক্রিয়াধীন এবং গুরুত্বপূর্ণ নগর উন্নয়নের প্রকল্পের আওতায় আরো প্রায় ৩ (তিন) কোটি টাকার রাস্তা ও ড্রেন নির্মাণের কাজ প্রক্রিয়াধীন আছে। প্রথম ধাপ থেকে দ্বিতীয় ধাপে উন্নতির জন্য যে সকল করদাতাগণ হোল্ডিং ট্যাক্স পরিশোধ করে সহযোগিতা করেছেন তাঁদেরকে জানাই আন্তরিক ধন্যবাদ। বর্তমানে উন্নয়নের ধারা অব্যাহত রাখা ও বরাদ্দ প্রাপ্তি নিশ্চিত করলে শতভাগ পৌরকর আদায় বাধ্যতামূলক। আর এই লক্ষ্যমাত্রা অর্জনে নাগরিকদের সক্রিয় অংশগ্রহণ ছাড়া সম্ভব নয়।

আপনাদের সকলের সম্মিলিত প্রচেষ্টায় এ শহরকে আধুনিক শহর হিসেবে গড়ে তুলতে আসুন প্রকল্পের শর্তানুযায়ী নিজ নিজ বাসাবাড়ীর পৌর কর, ট্রেড লাইসেন্স এর নবায়ন, পানির বিল পরিশোধ করি এবং অন্যদেরকেও পরিশোধ করতে উৎসাহিত করি।

### পৌর নাগরিক হিসেবে কর পরিশোধের লক্ষ্যে নিম্নলিখিত বিষয়গুলির প্রতি দৃষ্টি দেওয়ার অনুরোধ করছি।

- ▶ নিয়মিত পৌরকর পরিশোধ করুন, শহর উন্নয়নে শরীক হউন।
- ▶ নিয়মিত পৌরকর পরিশোধ করে উন্নয়নের গতিধারা অব্যাহত রাখুন।
- ▶ পৌরকর পরিশোধ করে কিশোরগঞ্জ পৌরসভাকে সরকার ও দাতাসংস্থার বিভিন্ন প্রকল্পের অন্তর্ভুক্তির সুযোগ দিন।
- ▶ নিজে পৌরকর পরিশোধ করুন এবং আপনার প্রতিবেশীকে পৌরকর পরিশোধে উৎসাহিত করুন।
- ▶ নিয়মিত পৌরকর পরিশোধ করা আপনার নাগরিক দায়িত্ব।
- ▶ পৌরকর পরিশোধ করে উন্নয়ন কর্মকাণ্ডে আপনার অংশগ্রহণ নিশ্চিত করুন।

ধন্যবাদান্তে-

**মোঃ পারভেজ মিয়া**

মেয়র

কিশোরগঞ্জ পৌরসভা।